# গোপনীয়তার অধিকার 101

**নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS)** আপনার সন্তান সম্পর্কিত তথ্যের গোপনীয়তার গুরুত্ব দেয়। শিক্ষার্থীর তথ্যের গোপনীয়তার অর্থ হলো আপনার শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য, শিক্ষায়তনিক রেকর্ড, এবং অন্যান্য সংবেদনশীল তথ্য নিরাপদ এবং সুরক্ষিত রাখা।

একজন NYCPS পিতামাতা অথবা অভিভাবক হিসেবে, আপনার বিভিন্ন গুরুত্বপূর্ণ অধিকার রয়েছে যা আপনার সন্তানের ব্যক্তিগত এবং শিক্ষাগত তথ্য সুরক্ষিত রাখতে সহায়তা করে।

---

## আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ নয়টি গোপনীয়তার অধিকার এখানে দেয়া হলো:

**তথ্য দেখার অধিকার**
আপনি আপনার সন্তানের বিভিন্ন শিক্ষাগত রেকর্ড পর্যালোচনা করতে পারেন, যেমন তার গ্রেড, উপস্থিতি, শৃঙ্খলামূলক পদক্ষেপ সংক্রান্ত রিপোর্ট, এবং ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)।

**রেকর্ড সংশোধন করার অধিকার**
যদি আপনি বিশ্বাস করেন যে আপনার সন্তানের শিক্ষাগত রেকর্ডে তথ্য অসঠিক আছে অথবা গোপনীয়তা লঙ্ঘন হয়েছে, তবে তা সংশোধন করতে অনুরোধ করতে পারেন।

**তথ্য প্রকাশে অসম্মতি প্রকাশের অধিকার**
আপনার সন্তানের তথ্য শেয়ার করার আগে NYCPS-কে আপনার লিখিত সম্মতি নিতে হবে। এতে কিছু ব্যতিক্রম আছে, যেমন ডিরেক্টরি তথ্য এবং স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক জরুরি পরিস্থিতি।

**তথ্য সুরক্ষার অধিকার**
আপনার সন্তানের তথ্য পাঠানো এবং সংরক্ষণের সময় সুরক্ষিত রাখা।

**আপনার উপাত্ত বা ড্যাটা বিক্রয় না হবার অধিকার**
আপনার সন্তানের তথ্য বিক্রয় করা অথবা বাণিজ্যিক উদ্দেশ্যে বিক্রয় কিংবা ব্যবহার করা যাবে না।

**উপাত্ত বা ড্যাটার তথ্য ফাঁস হয়ে গেলে অবহিত হবার অধিকার**
কোনও উপাত্ত বা ড্যাটা ফাঁস হবার কারণে আপনার সন্তানের তথ্য উন্মোচিত হয়ে গেলে অথবা সেটা গ্রহণের অনুমতি নেই এমন কারও সাথে শেয়ার করা হলে NYCPS আপনাকে অবহিত করবে।

**শিক্ষার্থীর জরিপসমূহ সম্পর্কে জানার অধিকার**
আপনার সন্তান বিভিন্ন সংবেদনশীল বিষয় সম্পর্কিত জরিপ এবং পরীক্ষায় অংশগ্রহণ করবে কিনা তা বেছে নেয়ার অধিকার আপনার আছে।

**আপনার অধিকারসমূহ সম্পর্কে অবহিত হবার অধিকার**
প্রত্যেক শিক্ষা বছরের শুরুতে, ফেডারেল, স্টেট, এবং স্থানীয় আইন ও প্রবিধানের অধীনে আপনার গোপনীয়তার অধিকার সম্পর্কে আপনাকে অবহিত করা হবে।

**অভিযোগ দায়ের করার অধিকার**
আপনার সন্তানের তথ্যের সম্ভাব্য অপব্যবহার সম্পর্কে আপনি NYCPS, NYS এডুকেশন ডিপার্টমেন্ট, অথবা US ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কাছে অভিযোগ দায়ের করতে পারেন।

আরো তথ্যের জন্য, দেখুন: **schools.nyc.gov/StudentPrivacy**

NYC Public Schools

**schools.nyc.gov** | /nycschools

T-39123 (Bangla)